



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



স্মারক নং ৩৭.০২.০০০০.১০৫.৩১.০১৭.২০২১/১৬৫৭/৩

তারিখ : ০৭/০৯/২০২১ খ্রি.

বিষয় : লালমনিরহাট জেলার পাটগ্রাম আদর্শ ডিগ্রি কলেজের জনাব মো: আতাউর রহমান(প্রভাষক-ইসলাম শিক্ষা) এর বকেয়া বেতনভাতা প্রদান সংক্রান্ত।

সূত্র : (১) স্মারক নং-পা.আ.ক/০৭ক(২২)/২০২০ তারিখ : ১২/০২/২০২০ খ্রি.

(২) জনাব মো: আতাউর রহমানের ২৩/০৩/২০২১ খ্রি. তারিখের আবেদন;

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, লালমনিরহাট জেলার পাটগ্রাম আদর্শ ডিগ্রি কলেজের জনাব মো: আতাউর রহমান, প্রভাষক-ইসলাম শিক্ষা এর সাময়িক বরখাস্তকালীন সময়ের বকেয়া বেতন ভাতা প্রদানের জন্য আবেদন করেন। জনাব মো: আতাউর রহমানকে কলেজ কর্তৃপক্ষ ২০১৪ সালে সাময়িক বরখাস্ত করে বেতন ভাতা বন্ধ করে দেয়া হয় এবং খোরপোষ ভাতাও দেয়া হয়নি। তিনি মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং ৮৪৪৬/২০১৭ মামলা দায়ের করেন। মহামান্য হাইকোর্টের নির্দেশ মোতাবেক বেতন ভাতা না দিলে তিনি সভাপতি ও অধ্যক্ষের বিরুদ্ধে কনটেম্পট পিটিশন নং ৪৯৩/২০১৮ মামলা দায়ের করেন। কলেজ কর্তৃপক্ষ জুন/২০১৮ হইতে ৫০% এবং সাময়িক বরখাস্ত প্রত্যাহার করে জুলাই/২০১৮ থেকে ১০০% বেতন ভাতা প্রদান করেন। তিনি জানুয়ারী/২০১৪ থেকে মে/২০১৮ পর্যন্ত ৫৩ মাসের ১০০ ভাগ বেতন ভাতা হিসেবে ১৩,২৩,১৮০/-টাকা এবং জুন/১৮ থেকে জুন/১৯ পর্যন্ত ১৩ মাসের ৫০% বেতন বাবদ ১,৯০,৫৬১/- টাকা এবং ৮টি বোনাস বাবদ ৪৪,০০০/- টাকা সর্বমোট ১৫,৫৭,৭৪১/- টাকা দাবী করেন।

**আইন শাখার মতামত :** জনাব মো: আতাউর রহমান, প্রভাষক(ইসলাম শিক্ষা) কে কলেজ কর্তৃপক্ষ সাময়িক বরখাস্ত করেন। এর বিরুদ্ধে তিনি মহামান্য হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং ৮৪৪৬/১৭ দায়ের করেন। উক্ত রিট পিটিশনে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বিবাদী নেই। জাতীয় বিশ্ববিদ্যালয়সহ কলেজ কর্তৃপক্ষকে বিবাদী করা হয়েছে। বর্তমানে পিটিশনার শতভাগ বেতন পাচ্ছেন। তার চাহিত বকেয়া বেতন ভাতা জনবল কাঠামোর বিধি অনুসারে নিষ্পত্তি করবে।

এমতাবস্থায়, আইন শাখার মতামতটি অবহিত করা হলো।

৯/৯/২১

(মো. আবদুল কাদের)

সহকারী পরিচালক(কলেজ-৩)

ফোন নং ৯৫৫৬০৫৭

অধ্যক্ষ

পাটগ্রাম আদর্শ ডিগ্রি কলেজ

পাটগ্রাম, লালমনিরহাট।

বিতরণ :

(১) সভাপতি, গভর্নিং বডি, পাটগ্রাম আদর্শ ডিগ্রি কলেজ, পাটগ্রাম, লালমনিরহাট;

(২) জনাব আতাউর রহমান, প্রভাষক(ইসলাম শিক্ষা), পাটগ্রাম আদর্শ ডিগ্রি কলেজ, পাটগ্রাম, লালমনিরহাট;

(৩) সংরক্ষণ নথি।